



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৯২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

২। আজ ১৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

১৩-১২-২০২৩ ইং সকাল ০৯:০০ টা থেকে পরবর্তী ০২-০৩ ঘণ্টার মধ্যে দেশের নদী অববাহিকায় মাঝারি থেকে ঘন কুয়াশার কারণে দৃষ্টিসীমা ৫০০ মিটার বা কোথাও কোথাও এর চেয়ে কম হতে পারে। এসব এলাকার নৌ-যানসমূহকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে, তবে কোনো সংকেত দেখাতে হবে না।

৩। আজ ১৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ

প্রথম দিন (১৩.১২.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে, তবে রংপুর বিভাগের কোথাও কোথাও গুঁড়িগুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাতের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

শৈত্য প্রবাহঃ দেশের পশ্চিমাঞ্চল ও উত্তরপশ্চিমাঞ্চলের কোথাও কোথাও মৃদু শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে।

দ্বিতীয় দিন (১৪.১২.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

তৃতীয় দিন (১৫.১২.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

শৈত্য প্রবাহঃ দেশের পশ্চিমাঞ্চল ও উত্তরপশ্চিমাঞ্চলের কোথাও কোথাও মৃদু শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৫.৮	২৬.৫	২৭.৮	২৩.২	২৭.২	৩১.০	২৬.৪	২৬.২
সর্বনিম্ন তাপমাত্রা	১৩.৮	১২.০	১২.৮	১৫.৬	১৪.৬	১৪.০	১২.৪	১৪.৫

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩১.০° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজশাহী ১২.০° সেঃ।

তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১২ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৭	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	২	০	০
৫।	রাজশাহী	৩	০	০
৬।	চট্টগ্রাম	২	০	০
৭।	খুলনা	০	০	০
৮।	রংপুর	১	০	০
	মোট	১৭	০	০

১৩-১২-২০২৩

মোঃ জাহিদ হাসান, হাসান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)

৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর:

২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
- ৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
- ৬। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ৭। বিভাগীয় কমিশনার (সকল);
- ৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ১০। জেলা প্রশাসক (সকল);
- ১১। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
- ১৩। সহকারী পরিচালক (সংযুক্ত কর্মকর্তা), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।



Jahid Hasan

১৩-১২-২০২৩
মোঃ জাহিদ হাসান, হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা